তারিখ 15 OCT 2016
পৃষ্ঠা ৬ কলাম ১

দৈনিক
[illegible]

# নড়াইলে বদলি পরীক্ষা দেওয়ায় কারাদণ্ড

নড়াইল প্রতিনিধি •

নড়াইলের সরকারি লোহাগড়া আদর্শ মহাবিদ্যালয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএবিএসএস প্রোগ্রাম পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থীর বদলে অন্য একজন পরীক্ষা দেওয়ায় তাকে ১ বছরের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, শুক্রবার (১৪ অক্টোবর) সকাল ১১টায় লোহাগড়া আদর্শ সরকারি মহাবিদ্যালয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএবিএসএস প্রোগ্রাম পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষা চলাকালীন সময়ে ছবি পরিবর্তন করে ১১০ রোল নং-এর পরীক্ষার্থী মো. জাহিদ হোসেনের পরিবর্তে মো. ছাব্বির হোসেন নামে এক ছাত্র পরীক্ষায় অবৈধভাবে অংশ গ্রহণ করেন। গোপন সংবাদের ভিত্তিতে বিষয়টি লোহাগড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সেলিম রেজা জানতে পারেন।

পরবর্তীতে পরীক্ষাকেন্দ্রে ওই ছাত্রের অপরাধ প্রমাণিত হওয়ায় তিনি তাকে পরীক্ষা নিয়ন্ত্রণ আইনে ১ বছরের কারাদণ্ড দেন। এ সময় পরীক্ষায় অসদুপায় অবলম্বন করায় আরও ৫ ছাত্রকে বহিষ্কার করা হয়। সাজাপ্রাপ্ত ছাব্বিরের বাড়ি লোহাগড়া উপজেলার কাশিপুর গ্রামে।